

১৫/০২/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
জামালপুর
www.food.jamalpur.gov.bd


নম্বর: ১৩.০১.৩৯০০.০০০.৫৮.০০১.২২.৯২

তারিখ: ২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

মার্চ/২০২৩ মাসে খাদ্যবান্ধব খাতে মেলান্দহ উপজেলায় কার্নেল উপবরাদ্দাদেশ

পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা'র ০৯/০৩/২০২২খ্রি. তারিখের ২৮৬নং স্মারকে মেসার্স কনক অটো রাইস মিল, প্রো: মো: জহুরুল ইসলাম, বাগুরপাড়া, নাংলা, মেলান্দহ, জামালপুর-কে মেলান্দহ উপজেলার খাদ্যবান্ধব খাতে পুষ্টিচালের মিশ্রণ মিলার হিসেবে নির্বাচন করে ০১/০৩/২০২২খ্রি. হতে ২৯/০২/২০২৪খ্রি. পর্যন্ত পুষ্টিচাল মিশ্রণ ও পরিবহনের কার্যক্রম সম্পাদনের জন্য নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) ও চুক্তিপত্র সম্পাদনের জন্য নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট মিলার ১৬৫.০০০মে.টন সাধারণ চাল ও ১৬৫০কেজি (১%) কার্নেলের ব্যাংক গ্যারান্টি প্রদান পূর্বক ত্রিপক্ষীয় চুক্তিপত্র সম্পাদন করেছেন। সম্পাদিত চুক্তি মোতাবেক উল্লেখিত মিশ্রণ মিলকে প্রতিকিস্তিতে সর্বাধিক ১৬৫.০০০মে.টন সাধারণ চাল ও ১৬৫০কেজি (১%) কার্নেল সরবরাহ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য, মিশ্রণ মিলার সরবরাহকৃত সাধারণ চাল ও প্রিমিক্স কার্নেল নির্ধারিত হারে অর্থাৎ ১০০:১ অনুপাতে যান্ত্রিক প্রক্রিয়ায় মিশ্রণ করে সংশ্লিষ্ট ডিলারকে সরবরাহ শেষে পুনরায় আবেদন করলে ধারাবাহিকভাবে পরবর্তী কিস্তির চাল গ্রহণ পূর্বক মিশ্রণ করে পুষ্টিচাল সরবরাহ করবেন। এভাবে সংশ্লিষ্ট মিশ্রণ মিলারকে মেলান্দহ উপজেলার খাদ্যবান্ধব খাতের ৬৪৯.৫৬০মে.টন সাধারণ চাল ও প্রিমিক্স কার্নেল মিশ্রণ করে পুষ্টিচাল তৈরীর জন্য সরবরাহ আদেশ প্রদান করা হলো।

এমতাবস্থায় সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা'র ১৫/০২/২০২৩খ্রি. তারিখের ৭৯(৯)নং স্মারকে মার্চ/২০২৩ মাসে খাদ্যবান্ধব খাতে মেলান্দহ উপজেলায় বরাদ্দপ্রাপ্ত ৫.৬৫২মে.টন ও পূর্বের মজুত ০.৮৪৪মে.টন মোট ৬.৪৯৬মে.টন প্রিমিক্স কার্নেল মেলান্দহ এলএসডি হতে সংশ্লিষ্ট পুষ্টিচাল মিশ্রণ মিলকে প্রদানের নিমিত্ত উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মেলান্দহ, জামালপুর পর্যায়ক্রমে ডিও প্রদান করবেন। পূর্বের বরাদ্দকৃত মজুত কার্নেল ওয়ারেন্টি অনুসরণপূর্বক সমন্বয় করে বরাদ্দ প্রদান করতে হবে। এছাড়া আগামী ২০/০২/২০২৩খ্রি. তারিখের মধ্যে সাধারণ চাল ও কার্নেল উত্তোলন করতে হবে এবং আগামী ০৭/০৩/২০২৩খ্রি. তারিখের মধ্যে কার্নেল মিশ্রিত পুষ্টিচাল ভোক্তাপর্যায়ে বিতরণ সম্পন্ন করতে হবে।



১৫-০২-২০২৩

মোঃ শফি আফজালুল আলম
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

০২৯৯৭৭৭২১০৮

dcf.jmp@dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.৩৯০০.০০০.৫৮.০০১.২২.৯২ /১ (৮)

তারিখ: ২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

- ১। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ;